



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.iessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৪৯৩/৪০৪

তারিখ : ১৪-০৮-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) প্রধান শিক্ষকের ১৮-০৫-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২১৩৩৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন “সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, বেতালপাড়া” এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক এডহক কমিটি গঠনের অনুমতির জন্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক অনলাইনে আবেদন দাখিল করেন। নথি পর্যালোচনাই দেখা যায় বর্ণিত ম্যানেজিং কমিটির নির্বাচন সংক্রান্তে বিজ্ঞ সহকারী জজ আদালত, বাঘারপাড়া, যশোর-এ দেওয়ানী-৭০/২২ নং মোকদ্দমা দাখিল করে অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন করলে বিজ্ঞ আদালত উভয় পক্ষের শুনানী-অন্তে ০৫-০৪-২০২২ খ্রি. তারিখে নামঞ্জুর করেন। বাদীপক্ষ উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালতে ২২/২০২০ নং মিস আপিল দায়ের করলে বদলীসূত্রে বিজ্ঞ অতিরিক্ত জেলা জজ ৬ষ্ঠ আদালত, যশোর দোতরফা শুনানী-অন্তে দেওয়ানী-৭০/২২ নং মোকদ্দমার গত ০৫-০৪-২০২২ খ্রি. তারিখের আদেশ বহাল রাখেন এবং আপিল নামঞ্জুর করেন বিধায় মহামান্য আদালতের নির্দেশনা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক
সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, বেতালপাড়া (১১৫৬৬১)
ছান্দড়া, বাঘারপাড়া, যশোর

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর


ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৪৯৩/৪০৪(১-৬)

তারিখ : ১৪-০৮-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৫। জনাব মোঃ আঃ মজিদ লস্কার গং, মিস আপিলকারী।
- ৬। সংরক্ষণ নথি।


১৪/০৮/২০২৩

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর


১৪/০৮/২৩